

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩১/২০১৫

অভিযোগকারী : জনাব ফরহাদ চৌধুরী

পিতা-আহমদ নূর চৌধুরী  
ফ্যান্টাসি বিল্ডিং  
২৭৬/এ, কলেজ রোড  
চকবাজার, চট্টগ্রাম।

প্রতিপক্ষ : জনাব আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৮-০৪-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব ফরহাদ চৌধুরী ০২-০২-২০১৫ তার দাখিলকৃত ২৭/২০১৪ নং অভিযোগের বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম এর (১) জনাব আবদুর রহিম, জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), (২) জনাব সাইফুদ্দিন আহমেদ, হিসাব রক্ষণ কর্মকর্তা (বিল), (৩) জনাব আহমেদুল হক, এস্টেট অফিসার ও ভারপ্রাপ্ত প্রধান রাজস্ব কর্মকর্তা এবং (৪) প্রধান নির্বাহী কর্মকর্তা-এর বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ২৭/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়নি। এ প্রেক্ষিতে তিনি বিষয়টির প্রতিকার প্রার্থনা করে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২২-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফরহাদ চৌধুরী হাজির। প্রতিপক্ষ চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম এর (১) জনাব আবদুর রহিম, জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব) (২) জনাব সাইফুদ্দিন আহমেদ, হিসাব রক্ষণ কর্মকর্তা, (৩) জনাব আহমেদুল হক, প্রধান রাজস্ব কর্মকর্তা এবং (৪) জনাব মোঃ সরওয়ার-ই-আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ২৭/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়নি। তথ্য মূল্য পরিশোধের পত্র প্রাপ্তির পর জানতে পারেন ১০০০/- টাকা তথ্য মূল্য প্রদানপূর্বক তথ্য সংগ্রহের জন্য বলা হয়েছে কিন্তু তথ্য মূল্য পরিশোধের তারিখ পত্র প্রাপ্তির পূর্বেই গত হওয়ায় তথ্য সংগ্রহ করা সম্ভব হয়নি।

০৪। প্রতিপক্ষ জনাব সাইফুদ্দিন আহমেদ, হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি সাবেক জনসংযোগ কর্মকর্তা ও পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। তিনি বর্তমানে হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি পূর্বে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ছিলেন বিধায় সিটি কর্পোরেশনের মেয়র তাকে শুনানিতে বক্তব্য প্রদানের মৌখিক নির্দেশ প্রদান করেছেন। কিন্তু বর্তমানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে অন্য একজন কর্মকর্তা দায়িত্ব পালন করেছেন।

০৫। শুনানী গ্রহণকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষে উপস্থিত কর্মকর্তাদের বক্তব্যে এবং তথ্য কমিশনের ওয়েবসাইট পর্যালোচনায় কে প্রকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে বিষয়ে সুনিশ্চিত হওয়া যায়নি বিধায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ দিয়ে তা কমিশন অবহিত করার এবং অধিকতর শুনানীর প্রয়োজন রয়েছে মর্মে কমিশন মনে করে। এর প্রেক্ষিতে অধিকতর শুনানীর জন্য ০৮-০৪-২০১৫ তারিখ ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ফরহাদ চৌধুরী গরহাজির। প্রতিপক্ষ চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম এর (১) জনাব আবদুর রহিম, জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) (২) জনাব সাইফুদ্দিন আহমেদ, হিসাব রক্ষণ কর্মকর্তা, (৩) জনাব আহমেদুল হক, প্রধান রাজস্ব কর্মকর্তা এবং (৪) জনাব মোঃ সরওয়ার-ই-আলম হাজির। প্রতিপক্ষ জনাব আবদুর রহিম, জনসংযোগ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে তাকে নিয়োগ দেয়া হয়েছে এবং নিয়োগ প্রদানের কপি কমিশনে প্রদান করা হয়েছে। এছাড়া অভিযোগকারীকে তথ্য মূল্য পরিশোধ সাপেক্ষে তার প্রার্থিত তথ্য সরবরাহ করা হয়েছে।

### পর্যালোচনা।

প্রতিপক্ষের এর বক্তব্যে শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ প্রদানপূর্বক কমিশনকে অবহিত করা হয়েছে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেছেন এবং অভিযোগকারী গরহাজির রয়েছেন, সেহেতু অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার